# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ
www.rakub.org.bd

মুজিব শতবর্ষ 100
"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

## নিয়োগ বিজ্ঞপ্তি

Memo No-HO/PD-3/2020-2021/1154 Date : 28.10.2020

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুমোদনক্রমে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা (২৫.০৩.২০২০ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সব জেলার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>টাকা ১২৫০০-৩০২৩০ | ৩২ | ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ক ১ (এক) বৎসরের ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কম্পিউটার স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ (MCQ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে)। | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |
| ২. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১২২ | ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |
| ৩. | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ১৪৬ | ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ক ১ (এক) বৎসরের ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কম্পিউটার স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ (MCQ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে)। | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |
| ৪. | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ২ | ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; এন্ড্রয়েড অ্যাপ - জব সার্কুলার<br>তবে শর্ত থাকে যে, টেলিফোন পিএবিএক্স চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |
| ৫. | ড্রাইভার<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ১১ | ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) Motor vehicle Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর অধীনে প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, সিরাজগঞ্জ, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলা |
| ৬. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৮<br>টাকা ৮৮০০-২১৩১০ | ৩ | ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পেশাগত ট্রেড সার্টিফিকেটপ্রাপ্ত। | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |

**বিঃদ্রঃ** গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২.০৬.২০০৯ তারিখের শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং ০২.০৩.২০১০ তারিখের শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নির্ধারিত হবে :

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় |

২। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় হবে ঃ**

(i) সকল প্রার্থীর (মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতিত) ক্ষেত্রে ১৮-৩০ বছর ;
(ii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর ;
(iii) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ১৮-৩০ বছর ;
(iv) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় ;
(v) শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এ্যাপিয়ার্ড সার্টিফিকেট গ্রহণযোগ্য নয় ;
(vi) প্রত্যেক পদের জন্য পরীক্ষার আবেদন ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ মোট ১১২.০০ (একশত বারো) টাকা আবেদনকারীর মোবাইল ব্যালান্স হতে ডিডাক্ট হবে।

৩। সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪.১০.২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮.২৭৬ নম্বর পরিপত্রের বিধান অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। গ্রেড-৯ হতে গ্রেড-১৩ পর্যন্ত কোটা পদ্ধতি বাতিল হওয়ায় এ বিজ্ঞপ্তির ৩, ৪, ৫, এবং ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদসমূহের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৪। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের (রাকাবসহ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। চাকরিরত/বিভাগীয় প্রার্থী হিসেবে কোন বিশেষ সুযোগ সুবিধা প্রযোজ্য হবে না।

৫। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। চাকরিতে নিয়োগপ্রাপ্তদের ব্যাংকের যে কোন শাখা/কার্যালয়ে পোস্টিং দেয়া হবে।

৭। ক্রমিক নম্বর ৪, ৫ এবং ৬ এ বর্ণিত পদ ব্যতীত অন্যান্য পদে নিয়োগপ্রাপ্তদের রাকাবের গ্রামীণ শাখায় বাধ্যতামূলকভাবে কমপক্ষে ৩ (তিন) বছর চাকরি করতে হবে।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। মহিলা প্রার্থীগণ আবেদনের সময় স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর ঠিকানা ব্যবহার করে আবেদন করতে পারবেন।

১০। নিয়োগ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://rakub.teletalk.com.bd** এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১.১১.২০২০, খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২০.১১.২০২০, খ্রিষ্টাব্দ, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ মোট ১১২.০০ (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। www.prebd.com

উল্লেখ্য, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম যথাসময়ে ওয়েবসাইটে (www.rakub.org.bd) এবং পত্রিকায় বিজ্ঞপ্তি মারফত জানানো হবে।

প্রথম **SMS: RAKUB**<space>**User ID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: **RAKUB XMSMX3**

Reply: Applicant's Name, TK-112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **RAKUB**<space>**Yes**<space>**PIN** and Send to 16222।

দ্বিতীয় **SMS: RAKUB**<space>**Yes**<space>**PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: **RAKUB Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for ........ Application for (Name of the Post) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://rakub.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম ও ছবি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে; প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিমণবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i)User ID জানা থাকলে **RAKUB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **RAKUB Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **RAKUB**<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example: **RAKUB Help PIN 12345678** www.prebd.com

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা **dgmict@rakub.org.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject-এ Organization Name: RAKUB, Name of the Post: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১২। বিজ্ঞপ্তির কপি এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি www.rakub.org.bd এবং **http://rakub.teletalk.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৩। সকল পদের ক্ষেত্রে MCQ/লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা রাকাবের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীদেরকে মোবাইলে এসএমএস এর মাধ্যমেও জানানো হবে।

১৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন পর্যায়ে যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫। নিয়োগ পরীক্ষায় কোন অনিয়ম বা বিশৃংখলার সৃষ্টি হলে সার্বিক বিষয় পর্যালোচনা করে কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে পরীক্ষা বা পরীক্ষা কার্যক্রম বাতিল করার এখতিয়ার সংরক্ষণ করে।

১৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনসহ গেজেটেড অফিসার/প্রথম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট কপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র ;

(খ) স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের কপি ;

(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি ;

(ঘ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী স্ব স্ব উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(ঙ) দুইজন গেজেটেড অফিসার/ প্রথম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(চ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant Copy) ;

(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে (রাকাবসহ) স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ;

(জ) MCQ/লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি ;

(ঝ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ;

(ঞ) জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি ;

(ট) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে:

(১) মুক্তিযোদ্ধার নাম ও পরিচিতি সম্বলিত ভারতীয় তালিকা ; কিংবা
লাল মুক্তিবার্তা কিংবা গেজেট ও সাময়িক সনদপত্র ; কিংবা
গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদপত্রের (বামুস সনদপত্র) সত্যায়িত কপি;

(২) মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি ;

(৩) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ;

(৪) মুক্তিযোদ্ধার জন্ম সনদপত্রের কপি। মুক্তিযোদ্ধার মৃত্যুবরণের ক্ষেত্রে মৃত্যু সনদপত্রের সত্যায়িত কপি ;

(৫) মুক্তিযোদ্ধার নাতি-নাতনি দাবী করার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পরিচিতি এবং প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদপত্রের কপি ;

(৬) আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর প্রমাণ স্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি ;

(ঠ) বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ হতে equivalence certificate বা সমমানের সনদপত্রের সত্যায়িত কপি ;

উল্লেখ্য, অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীগণকে সর্বোচ্চ সতর্কতার সাথে যথাযথভাবে আবেদন করার জন্য পরামর্শ দেয়া হলো।

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

২৮/১০/২০২০
রণজিৎ কুমার সেন
উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা বিভাগ
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী